



Jago news24.com  
বঙ্গবন্ধুর স্মরণে

০৪-০৮-২৩, অনলাইন

ইস্ট ওয়েস্টে ৩ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

From 08/08/2023 to 10/08/2023, 08:00 AM to 08:00 PM



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে হচ্ছে 'ইনফরমেশন অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট' বিষয়ে তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন। শুক্রবার (৪ আগস্ট) বিকেলে বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে এ সম্মেলনের উদ্বোধন করেন তথ্যমন্ত্রী ডা. হাছান মাহমুদ।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাস ইউনিভার্সিটির অধ্যাপক জিলিয়ান অলিভার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ার ড. দিলারা বেগম।

এতে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-উপাচার্য ড. মুহাম্মদ জিয়াউল হক। তিন দিনব্যাপী এ সম্মেলনে বাংলাদেশ, অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া, ভারত ও বসনিয়া হার্জেগোভিনাসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন গবেষক-শিক্ষার্থী অংশ নিচ্ছেন।

এদিকে, শুক্রবার এ সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হলেও বৃহস্পতিবার (৩ আগস্ট) অনলাইন কয়েকটি সেশন অনুষ্ঠিত হয়। এতে ইফলার নির্বাচিত প্রেসিডেন্ট ভিকি ম্যাকডোনাল্ড ও টাল্লিন ইউনিভার্সিটির অধ্যাপক সারজে ভিকার্স প্রবন্ধ উপস্থাপন করেন।

শনিবার (৫ আগস্ট) সম্মেলনের শেষ দিনে বেশ কয়েকটি কারিগরি সেশন চলাবে। এসব সেশনে ৪২টি গবেষণাপত্র উপস্থাপন করা হবে। এতে তথ্য ও জ্ঞান ব্যবস্থাপনার সঙ্গে সম্পর্কিত বৈচিত্র্যপূর্ণ বিষয়গুলো তুলে ধরা হবে। প্রত্যেক সেশনে থাকবে আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব।